সমকাল

তারিখ ... 02 SEP 2015 ...
পৃষ্ঠা ... ২২ ... কলাম ... ৭ ...

২২ সমকাল

# ড্যাফোডিল ইউনিভার্সিটির অনিয়ম তদন্তে ইউজিসি

■ সমকাল প্রতিবেদক

রাজধানীর সোবহানবাগে একটি শপিং মলের বিভিন্ন অংশ জবরদখল করে শিক্ষাকাজ পরিচালনা করছে বেসরকারি ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি। এমন অভিযোগের পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়টির বিরুদ্ধে তদন্তে নেমেছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। ইউজিসির সদস্য প্রফেসর ড. মোহম্মদ মোহাব্বত খানকে আহ্বায়ক করে দুই সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেছে ইউজিসি। বেসরকারি বিশ্ববিদ্যালয় শাখার উপ-পরিচালক জেসমিন পারভীনকে এ কমিটির সদস্য সচিব করা হয়েছে। তদন্ত কমিটির সদস্যরা আজ বুধবার ড্যাফোডিল বিশ্ববিদ্যালয় এবং আগামী ৭ সেপ্টেম্বর শপিং মলের মালিক পক্ষের বক্তব্য শুনবেন।

কমিটির সদস্য সচিব জেসমিন পারভীন সমকালকে বলেন, সোবহানবাগের প্রিন্স প্লাজা মার্কেটের মালিক আতিকুর রহমান শিক্ষা মন্ত্রণালয়ে অভিযোগ করেছেন, তার মার্কেটের ১১ হাজার স্কয়ার ফুট ভাড়া নিয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ একাডেমিক কার্যক্রম চালিয়ে এলেও দীর্ঘদিন তাকে ভাড়া দেওয়া হচ্ছে না। অভিযোগেরস প্রেক্ষিতে ইউজিসি তদন্ত কমিটি গঠন করেছে। সরেজমিনে তদন্তে যাবে কমিটি। এরপর শিক্ষা মন্ত্রণালয়ে রিপোর্ট পেশ করা হবে।

এ ব্যাপারে যোগাযোগের চেষ্টা করেও ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ইউসুফ এম ইসলামের বক্তব্য পাওয়া সম্ভব হয়নি। বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা মারুফ আহমেদ জানান, কয়েক বছর ধরেই প্রিন্স প্লাজার সঙ্গে তাদের সমস্যা চলছে। বিষয়টি ইউজিসির বিচারাধীন।